www.facebook.com/purbottar

Bengali fortnightly newspaper

www.purbottar.in RNI No. 71057/96

# পূর্বোত্তর

১৯৯৬ সন থেকে প্রকাশিত



করণকে বিয়ে করতে এক পায়ে রাজি একতা!

বিজ্ঞপ্তি

আপনাদের গল্প, কবিতা, লেখা, চিত্র আমাদের contact@purbottar.com-এ ই-মেইল অথবা, 95932 00246 নাম্বারে হোয়াটস্ অ্যাপ করুন।

বর্ষঃ ২৫, সংখ্যাঃ ০৬, কোচবিহার, শুক্রবার, ২৬মার্চ-৮ এপ্রিল ২০২১, পৃষ্ঠা সংখ্যাঃ ৮ | Vol:25, Issue: 6th, Cooch Behar, Friday, 26 March- 8 April 2021, Page: 8 ₹ 3.00

# ৮ রিটার্নিং অফিসারকে সরাল নির্বাচন কমিশন

## কলকাতার ভোটের আগে কার্যত নজিরবিহীন পদক্ষেপ করল নির্বাচন কমিশন।

শিলিগুড়ি : কিছুদিন আগেই বালিগঞ্জের রিটার্নিং অফিসার-কে সরিয়ে দিয়েছিল নির্বাচন কমিশন। গত ৩০মার্চ অপসারিত করা হয় বালিগঞ্জের রিটার্নিং অফিসার অরিন্দম মানি। এবার সরানো হল ভবানীপুর, এন্টালি, জোড়াসাঁকো, কলকাতা বন্দর, চৌরঙ্গী, শ্যামপুকুর, কাশীপুর-বেলগাছিয়া এবং বেলেঘাটা বিধানসভা কেন্দ্রের রিটার্নিং অফিসারদের। কিন্তু, কেন একসঙ্গে ৮ জন রিটার্নিং অফিসারকে সরানো হল? সূত্রের দাবি, এই ৮ রিটার্নিং অফিসারের বিরুদ্ধে, পক্ষপাতিত্ব, বিরোধীদের অভিযোগে গুরুত্ব না দেওয়ার মতো বিষয়ে কমিশনে নালিশ জানানো হয়েছিল। বিভিন্ন বিরোধী রাজনৈতিক দল। সূত্রের দাবি, ৮




রিটার্নিং অফিসারকে শোকজও করা হয়। তবে তাঁদের উত্তরে সন্তুষ্ট হতে পারেনি কমিশন। তাই এই কড়া পদক্ষেপ নেওয়া হল। যদিও কমিশনের বক্তব্য, রুটিন বদলি করা হয়েছে। বিষয়টি নিয়ে শুরু হয়েছে রাজনৈতিক চাপানউতোর। আগামী ২৬ এপ্রিল, সোমবার সপ্তম দফা এবং ২৯ এপ্রিল, বৃহস্পতিবার, অষ্টম দফায়, কলকাতার মোট ১১টি আসনে ভোটগ্রহণ। এর আগে ভোটের দিনক্ষণ ঘোষণা হতেই রাজ্য পুলিশের এডিজি আইনশৃঙ্খলার পদ থেকে সরানো হয় জাভেদ শামিমকে। তাঁর জায়গায় বসানো হয় দমকলের ডিজি জগমোহনকে। জাভেদ শামিমকে সরিয়ে দেওয়া হয় দমকলের ডিজির দায়িত্বে। রাজ্য পুলিশের ডিজি বীরেন্দ্রকে সরিয়ে তাঁর জায়গায় আনা হয় নীরজনয়নকে। এরপর প্রথম দফা ভোটের ঠিক আগে কোচবিহারের পুলিশ সুপার, ডায়মন্ড হারবার পুলিশ জেলার সুপার, এডিজি পশ্চিমাঞ্চল, ঝাড়গ্রামের জেলাশাসককেও সরিয়ে দেয় কমিশন। দ্বিতীয় ভোটের আগে অপসারিত মহিষাদলের সিআই। হলদিয়ার এসডিপিও-কেও সরাল নির্বাচন কমিশন। বিচিত্রবিকাশ রায়ের জায়গায় নতুন সিআই শীর্ষেন্দু দাস। বরুণ বৈদ্যের জায়গায় নতুন এসডিপিও উত্তম মিত্র।

## তৃণমূলের রোষানলে কমিশন

কোচবিহার: এদিন রবীন্দ্রনাথ ঘোষ জানান, নির্বাচন কমিশন ফাঁকা আওয়াজ দিয়েছে। বিজেপির বিরুদ্ধে সন্ত্রাসের অভিযোগ করে তার দাবি, কোথাও সন্ত্রাসের ঘটনা



ঘটলে কেন্দ্রীয় বাহিনী বা পুলিশের দেখা মিলছেনা। আমরা নির্বাচন কমিশনকে অনুরোধ করব মানুষকে ভোট দেওয়ার ব্যবস্থা করে দিন।

## দলীয়কর্মী গুলিবিদ্ধ, প্রতিবাদে থানা ঘেরাও বিজেপির

সিতাই: দলীয় কর্মী গুলিবিদ্ধ হওয়ার ঘটনার প্রতিবাদে বুধবার সিতাই থানা ঘেরাও করে বিক্ষোভ দেখাল বিজেপি। নেতৃত্বে ছিলেন বিজেপির সিতাই বিধানসভার কো-অবজার্ভার অর্জুন চক্রবর্তী, দলের মহিলা সভানেত্রী সাবিত্রী বর্মন, জেলা কমিটির সদস্য তথা স্থানীয় বিজেপি নেতা নারায়ণচন্দ্র বর্মন প্রমুখ।

## মাদারিহাটে মাথা তুলবে, আশা সংযুক্ত মোর্চার

রাঙ্গালিবাজনা: ২০১১ সালে রাজ্যে বামফ্রন্ট সরকার ধরাশায়ী হলেও আলিপুরদুয়ার জেলার মাদারিহাটের আসনটি ধরে রাখে তারা। তবে ২০১৬ সালের বিধানসভা নির্বাচনে মাদারিহাটের বামফ্রন্ট প্রার্থী পরাজিত হন। বিধায়ক হন বিজেপির মনোজ টিগ্‌গা। তবে এবার মাদারিহাটে ফের মাথা তুলবেন তারা। আশা করছে সংযুক্ত মোর্চা।

## সেবকে দ্বিতীয় সেতুর বিলম্বিত নির্মাণ নিয়ে তৃণমূলকে কাঠগোড়ায় তুললেন আদিত্যনাথ



শিলিগুড়ি :দলীয় প্রার্থীর হয়ে প্রচারে এসে সেবকে তিস্তানদীর উপরে দ্বিতীয় সেতুর প্রসঙ্গে তৃণমূল কংগ্রেসকে কাঠগড়ায় তুললেন বিজেপি নেতা তথা উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ।বুধবার উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্তনাথ মাল বিধানসভা আসনে দলীয় প্রার্থী মহেশ বাগের সমর্থনে ভাষণ দিতে গিয়ে তৃণমূল কংগ্রেস ও মমতা বন্দ্যোপাধ্যায় বিরুদ্ধে সোচ্চার হন। রাজ্যের বিভিন্ন ইস্যুর পাশাপাশি সেবকে তিস্তার উপরে দ্বিতীয় সেতুর কথাও তাঁর ভাষণে উঠে আসে। তিনি বলেন, 'তিস্তানদীর উপর সেতু তৈরি করতে বিজেপি সরকার আগ্রহী। রাজ্যকে অর্থ দিতেও প্রস্তুত। কিন্তু দিদি সেবকে দ্বিতীয় সেতু চান না। এখানে সেতু নির্মাণ হলে দিদির ভাইদের বেআইনি পাথরের খাদান বন্ধ হয়ে যাবে। এখানে বেআইনি বালি-পাথরের খাদান চলছে। সেতু নির্মাণ হলে এই কাজ বন্ধ হবে। তাই দিদি সেতু নির্মাণে উদ্যোগ নিচ্ছেন না।' সেবকে দ্বিতীয় সেতুর দাবিতে টানা কয়েক বছর ধরে আন্দোলন করে চলছেন ডুয়ার্স ফোরাম ফর সোশ্যাল রিফর্ম। যোগীজির এই কথায় ডুয়ার্স ফোরাম ফর সোশ্যাল রিফর্মের কর্মীরা জানান, নির্বাচনী প্রচারে একজন বিশিষ্ট নেতার মুখে আমাদের দাবির কথা উঠে এসেছে। সেটা আমাদের প্রাপ্তি। তবে কেন্দ্র বা রাজ্য যে কোনও সরকার এই সেতু

## বাংলার ভোটে বেআইনি অর্থে কড়া নজর EC-র

নিজস্ব প্রতিবেদন : ভোটে বেআইনি অর্থ ব্যবহারের অভিযোগ। আর তা নিয়েই এবার কড়া পদক্ষেপ করল কমিশন। কখনও কোনওভাবেই ভোটে বেআইনি অর্থ ব্যাবহার বরদাস্ত করা হবে না। এদিন কড়া নির্দেশ দিলেন কমিশনের আয়-ব্যয় সংক্রান্ত বিশেষ পর্যবেক্ষক বি. মুরলীকুমার। ফ্লাইং স্কোয়াডের সংখ্যা বাড়াতে হবে। গত বিধানসভা নির্বাচনের থেকে এই বিধানসভা নির্বাচনে ইতিমধ্যেই অনেক বেশি পরিমাণে বেআইনি অর্থ বাজেয়াপ্ত হয়েছে বলেও ভিডিয়ো কনফারেন্সে জানান মুরলীকুমার। প্রসঙ্গত, কমিশন সূত্রে খবর, গত বিধানসভা নির্বাচনে ২০১৬ সালে বেআইনি অর্থ বাজেয়াপ্তের পরিমাণ ছিল ২০.১২ কোটি টাকা। এবার



ইতিমধ্যেই বাজেয়াপ্ত অর্থের সংখ্যা তার প্রায় দ্বিগুণ হয়ে গিয়েছে। এবার নির্বাচনে এখনও পর্যন্ত সবে দু' দফার ভোট মিটেছে। বাকি রয়েছে এখনও ৪ দফা ভোট। এদিকে এখনই বাজেয়াপ্ত বেআইনি অর্থের পরিমাণ দাঁড়িয়েছে প্রায় ৪০ কোটি ছুঁই ছুঁই। বাজেয়াপ্ত হয়েছে ৩৯.০৩ কোটি টাকা। যা নিয়ে রীতিমত উদ্বিগ্ন কমিশন। বাংলার ভোটে বেআইনি অর্থ ব্যবহারে রাশ টানতে কড়া কমিশন।

# শিলিগুড়িতে স্মাইল ট্রেন

শিলিগুড়ি: কোভিড-১৯ অতিমারির কারণে স্বাস্থ্যক্ষেত্রে বন্ধ হয়ে থাকা সার্জারি পরিষেবা ফের চালু হচ্ছে। পশ্চিমবঙ্গে স্মাইল ট্রেনের পার্টনার হাসপাতালগুলিতে জন্মগত ক্লেফট লিপ ও প্যালেটের রোগীদের জন্য বিনামূল্যে ক্লেফট সার্জারি আবার শুরু হয়েছে। এক্ষেত্রে যথাযথভাবে




কোভিড-১৯ সেফটি প্রোটোকল মানা হচ্ছে। মুখের এক জন্মগত সমস্যা ক্লেফট লিপ ও প্যালেট। এই সমস্যা পুরোপুরি দূর করা সম্ভব, তবে সঠিক বয়সে ছোটোদের চিকিৎসা না করলে তা অন্য নানারকম সমস্যা সৃষ্টি করে। এজন্য সার্জারি ও সংশ্লিষ্ট পরিচর্যা প্রয়োজন। চিকিৎসা দেরিতে শুরু করলে তা হিয়ারিং প্রব্লেম এবং রোগীর সামাজিক বিচ্ছিন্নতার কারণ হয়ে উঠতে পারে। বিগত ২১ বছরে স্মাইল ট্রেন ভারতে ছোটোদের জন্য ৬,২৫,০০০টিরও বেশি ক্লেফট সার্জারির সহায়তা দিয়েছে। পশ্চিমবঙ্গে ছয়টি পার্টনার হসপিটালের নেটওয়ার্ক সম্পন্ন স্মাইল ট্রেন সারাবছর ক্লেফট সার্জারির সহায়তা প্রদান করে শিলিগুড়ি, কলকাতা, বর্ধমান, দুর্গাপুর ও মুর্শিদাবাদে। পশ্চিমবঙ্গে প্রায় ২৫,০০০ ফ্রি ক্লেফট সার্জারির সহায়তা দিয়েছে স্মাইল ট্রেন। বিনামূল্যে ক্লেফট চিকিৎসার জন্য টোল ফ্রি ক্লেফট হেল্পলাইন নম্বর: ১৮০০ ১০৩ ৮৩০১।

# গোড্যাডি'র নতুন মার্কেটিং ক্যাম্পেন




কলকাতা: গোড্যাডি এক নতুন মার্কেটিং ক্যাম্পেন শুরু করল। এর উদ্দেশ্য, স্থানীয় ক্ষুদ্র ব্যবসায়ীদের অনলাইনে ব্যবসায়িক উপস্থিতি বাড়াতে তাদের নিজস্ব ওয়েবসাইট নির্মাণে সাহায্য করা। সরকারের 'ভোকাল ফর লোকাল' নীতির সঙ্গে সামঞ্জস্য রেখে গোড্যাডি ভারতে স্থানীয় ব্যবসায়ীদের স্বল্প ব্যয়ে ওয়েবসাইট নির্মাণে সহায়তা দেবে।

নতুন ক্যাম্পেনের জন্য গোড্যাডি তাদের ব্র্যান্ড অ্যাম্বাসাডর তথা বিখ্যাত ক্রিকেটার এমএস ধোনিকে সঙ্গে রাখছে। নতুন টিভিসি'তে তাঁকে 'বিজনেস ভাই'য়ের ভূমিকায় দেখা যাবে। 'বিজনেস ভাই' স্থানীয় ব্যবসায়ীদের অনলাইনে ব্যবসা বৃদ্ধির ব্যাপারে উৎসাহ জোগাবেন এবং কিভাবে নিজস্ব ওয়েবসাইট তৈরি করা যায় সেবিষয়ে পরামর্শ দেবেন। এই ক্যাম্পেনটি সাতটি ভারতীয় ভাষায় প্রচারিত হবে যাতে দেশের সর্বত্র ক্ষুদ্র ব্যবসায়ী ও শিল্পোদ্যোগীদের কাছে অনলাইনে ব্যবসার সুবিধার বার্তা পৌঁছে দেওয়া যায়। বর্তমানে এরকম একটি টিভিসি গোড্যাডি'র অফিসিয়াল সোস্যাল চ্যানেলে রিলিজ করা হয়েছে। আগামীদিনে তা টিভি ও অন্যান্য ডিজিটাল প্লাটফর্মে প্রচারিত হবে। উল্লেখ্য, গোড্যাডি'র অনলাইন প্রোডাক্টসমূহের মধ্যে রয়েছে ডোমেন নেম, হোস্টিং, ওয়েবসাইট বিল্ডিং, ইমেল মার্কেটিং, সিকিউরিটি প্রোটেকশন ও একটি অনলাইন স্টোর।


# মারুতি সুজুকি সিভি বায়িং এক্সপিরিয়েন্স

শিলিগুড়ি: কমার্সিয়াল ভেহিকেল ক্রেতাদের জন্য মারুতি সুজুকির রিটেল চ্যানেল এক দ্রুত বর্ধনশীল অটোমোবাইল নেটওয়ার্কে পরিণত হয়েছে। বর্তমানে ২৩৫টিরও বেশি শহরে এর ৩২৫টিরও অধিক আউটলেটে রয়েছে। কমার্সিয়াল সেগমেন্টের গ্রাহকদের বায়িং এক্সপিরিয়েন্সে নতুনত্ব যোগ করার জন্য চালু করা হলেও এই রিটেল চ্যানেল গ্রাহকদের নানাবিধ প্রয়োজন মেটাচ্ছে। কমার্সিয়াল রিটেল চ্যানেলে গ্যাসোলিন ও এস-সিএনজি- উভয় প্রকার ফুয়েল অপশন পাওয়া যাচ্ছে। মারুতি সুজুকি কমার্সিয়াল ভেহিকেলগুলি তিনরকম সুবিধা প্রদান করে- লো অ্যাকুইজিশন কস্ট, লো রানিং কস্ট ও লো মেইনটেন্যান্স কস্ট। মারুতি সুজুকির প্রসারিত সার্ভিস নেটওয়ার্কের মাধ্যমে নিশ্চয়তার সঙ্গে আফটার সেলস সার্ভিস দেওয়া হয়। কমার্সিয়াল নেটওয়ার্ক সম্প্রতি ৯২,০০০ সেলসের মাইলস্টোন অতিক্রম করেছে। এগুলির মধ্যে




রয়েছে সুপার ক্যারি ও ইকো কার্গোর মতো গুডস ক্যারিয়ার রেঞ্জ এবং অল্টো- ট্যুর এইচ১, সেলেরিয়ো-ট্যুর এইচ২, ডিজায়ার-ট্যুর এস, আর্টিগা-ট্যুর এম ও ইকো-ট্যুর ভি-এর মতো প্যাসেঞ্জার মোবিলিটি রেঞ্জ।

# ম্যানকাইন্ড ফার্মার দুই নতুন ব্র্যান্ড অ্যাম্বাসাডর



কলকাতা: ম্যানকাইন্ড ফার্মা তাদের ওটিসি রেঞ্জের প্রসার ঘটাচ্ছে। ২০১৩ সাল থেকে তাদের 'হেলথ ওকে' মাল্টিভিটামিন ট্যাবলেট ড্রাগ ক্যাটাগরিতে থাকলেও তা বর্তমানে ওটিসি ক্যাটাগরির অন্তর্ভুক্ত হয়েছে ফুড সাপ্লিমেন্ট হিসেবে। এই কোম্পানির এক বিস্তৃত রেঞ্জের জনপ্রিয় ওটিসি প্রোডাক্টস রয়েছে।

প্রাকৃতিক জিনসেং ও টাউরিন সমৃদ্ধ 'হেলথ ওকে' মাল্টিভিটামিন ও মিনারেল ট্যাবলেট মডার্ন লাইফস্টাইল সংক্রান্ত সমস্যা থেকে রক্ষা করে, শক্তি জোগায়। এতে থাকা ২০টি ভিটামিন ও মিনারেল সামগ্রিক স্বাস্থ্যরক্ষা করে এবং ভিটামিন সি, ডি ও জিংক ইমিউনিটি বাড়ায়। এই প্রোডাক্টটি সম্পর্কে মানুষকে অবহিত করতে বয়স-জয়ী অনিল কাপুর ও আইকনিক ইউথ সুপারস্টার রনবীর সিংকে একসঙ্গে ব্র্যান্ড অ্যাম্বাসাডর হিসেবে আনা হয়েছে। তাঁরা হেলদি ও এনার্জেটিক লাইফস্টাইলের বার্তা প্রচার করবেন। এই সিদ্ধান্ত এমন একটা সময়ে নেওয়া হল, যখন কোভিড-১৯ জনিত অতিমারির কবল থেকে রক্ষা পেতে মানুষ বেশিমাত্রায় প্রিভেন্টিভ হেলথকেয়ারের দিকে ঝুঁকছেন।

# চুক্তিবদ্ধ হল নিসান ইন্ডিয়া ও এক্সনমোবিল




গুয়াহাটি: নিসান মোটর ইন্ডিয়ার সঙ্গে এক চুক্তিতে আবদ্ধ হল এক্সনমোবিল লুব্রিক্যান্টস প্রাইভেট লিমিটেড। এপ্রিল থেকে এক্সনমোবিল তাদের বিস্তৃত রেঞ্জের ইঞ্জিন অয়েল সরবরাহ করবে নিসান ইন্ডিয়াকে। এই ইঞ্জিন অয়েল ভারতের বিএস-৬ মানের হলেও তা পূর্বের বিএস-৩ বা বিএস-৪ নিসান প্যাসেঞ্জার ভেহিকেলগুলিরও উপযোগী। এই পার্টনারশিপের ফলে নিসান গাড়ির মালিকরা অ্যাডভান্সড লুব্রিক্যান্টস টেকনোলজির সুবিধা ভোগ করতে পারবেন, যা দেবে 'অপ্টিমাল পারফর্ম্যান্স রিলায়াবিলিটি' ও 'পোটেনশিয়াল ফুয়েল ইকোনমি বেনেফিট'। ইঞ্জিন অয়েলের নতুন রেঞ্জে থাকছে নিসান জেনুইন পার্টস মোটর অয়েল এসএই ০ডব্লিউ-২০, ৫ডব্লিউ-৩০, ১০ডব্লিউ-৩০, ১০ডব্লিউ-৪০। এগুলির মধ্যে রয়েছে সিন্থেটিক ও সেমি-সিন্থেটিক পিভি প্রোডাক্টস, যেগুলি এক্সনমোবিলের গ্লোবাল রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট সেন্টারে প্রস্তুত। এক্সনমোবিলের নিজস্ব ফর্মুলার সাম্প্রতিক ইঞ্জিন অয়েলে রেঞ্জ 'ইন্টারন্যাশনাল লুব্রিক্যান্ট স্ট্যান্ডার্ডাইজেশন অ্যান্ড অ্যাপ্রুভাল কমিটি' এবং 'আমেরিকান পেট্রোলিয়াম ইনস্টিটিউট (এপিআই) মানসম্পন্ন। সকল নিসান মডেল ভেরিয়েন্টের জন্য এই নতুন ইঞ্জিন অয়েল পাওয়া যাবে নিসান সার্ভিস নেটওয়ার্কের মাধ্যমে।

# সম্পাদকীয়


## কোভিড-১৯ ও বর্তমান পরিস্থিতি

কোভিড এর দ্বিতীয় ঝরে ভারতের অর্থনৈতিক ব্যবস্থা পুনরায় মুখ থুবড়ে পরতে চলেছে বলে বিশেষজ্ঞরা মতামত প্রকাশ করেছেন। তাদের মতে এই মুহূর্তে ভারতের মূল ফোকাস হওয়া উচিত কোভিড এর বিরুদ্ধে প্রাণের এবং অর্থনীতির রক্ষা করা কিন্তু নানা রকম বিধিনিষেধ থাকা সত্বেও মানুষের গাফিলতির ফলে ২০২০র ভয়াভয় পরিস্থিতির আবার সম্মুখিন হতে চলেছে যার সরাসরি প্রভাব পরবে দেশের অর্থনীতির ওপর। কোভিডট্রেকার এর রিপোর্ট মতে ভারতে কোভিড আক্রান্ত রোগীর সংখ্যা বর্তমানে ১,৫৪,০০০ ছুইছুই যদিও নিউ নর্মাল এর ফলে দেশের অর্ধেক মানুষ বাড়িতে বসেই নিজেদের কাজ চালিয়ে যাচ্ছে যার ফলে কিছুটা হলেও স্বস্তিতে আছে সরকার। নিতিআয়োগ এর মেম্বার ডক্টও ভি. কে. পাল বলেছেন, কভিড-১৯ এর দ্বিতীয় ঢেউটি ভারতে আরও ভয়াভয় পরিস্থিতীর সৃষ্টি করবে যা প্রতিদিনে আক্রান্তের সংখ্যা বাড়িয়ে তুলবে কারণ জনগণের একটি বড় অংশের মধ্যে কোভিড অধরাই থেকে যাছে।

সম্প্রতি ভারতবর্ষে বিধানসভা ভোট আয়োজন করা হয়েছে যার প্রচার চলাকালীন সাধারন মানুষের মধ্যে সচেতনতার অভাব দেখা গেছে যেখানে সামাজিক দুরত্ব বা মাস্ক কোনটিরই ব্যবহার নজরে আসে নি। ইতিমধ্যে ইলেকশন কমিশন একটি নোটিশ জারি করেছে যেখানে বলা হয়েছে ভোটের প্রচারের জন্য পাবলিক র‍্যালিগুলিতে কোভিডের সকল বিধিনিষেধ মানা একান্ত ভাবে প্রয়োজন কিন্তু সেই নিয়ম গুলি যদি না মানা হয় তাহলে ইলেকশন কমিশন যেকোনো পার্টির র‍্যালি যেকোনো মুহূর্তে বন্ধ করার নির্দেশ জারি করবে।

কেন্দ্র সরকার ইতিমধ্যেই সম্পূর্ণ দেশে টিকা উৎসবের সুচনা করেছে যেখানে দেশ জুড়ে ৪৫ বৎসরের ওপরে থাকা প্রত্যেক নাগরিককে টিকা দেওয়া হচ্ছে, যদিও টিকা নেওয়ার পরও অনেকে কভিড সংক্রমিত হয়েছে বলে নানা রকম খবর সামনে এসেছে। তবে কোভিড ভ্যাকসিন ভবিষ্যতে কতটা কার্যকরী হবে তারই অপেক্ষায় রয়েছে সম্পূর্ণ বিশ্ব।

# বাংলায় ৮ দফায় ভোট, ফলপ্রকাশ ২ মে



ডেস্ক: অবশেষে প্রতীক্ষার অবসান। আর কিছুক্ষণের মধ্যেই ঘোষিত হবে বাংলা সহ পাঁচ রাজ্যের ভোটের নির্ঘণ্ট। বৃহস্পতিবার বিকেল সাড়ে চারটের সময় নয়াদিল্লিতে পশ্চিমবঙ্গ, কেরালা, তামিলনাড়ু, অসম ও পুদুচেরির ভোট নির্ঘণ্ট প্রকাশ করবেন মুখ্য নির্বাচন কমিশনার সুনীল আরোরা। এদিন ভোটের নির্ঘণ্ট প্রকাশের পরই পাঁচ রাজ্যে বলবৎ হয়ে যাবে আদর্শ আচরণ বিধি। ফলে ওই পাঁচ রাজ্যে নতুন কোনও প্রকল্পের ঘোষণা বা নতুন করে কাজ হাতে নেওয়া যাবে না।

❖ প্রথম দফার ভোট ২৭ মার্চ - ভোটগ্রহণ ৩০টি আসনে। ভোট হবে- পুরুলিয়া, বাঁকুড়া, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর (প্রথম ভাগ)-এ।

❖ বাংলায় অষ্টম দফার ভোট ২৯ এপ্রিল। এদিন নির্বাচন হবে ৩৫টি আসনে। ❖ বাংলায় সপ্তম দফার ভোট ২৬ এপ্রিল। এদিন নির্বাচন হবে ৩৬টি আসনে। ❖ বাংলায় ষষ্ঠ দফার ভোট ২২ এপ্রিল। এদিন নির্বাচন হবে ৪৩টি আসনে। ❖ বাংলায় পঞ্চম দফার ভোট ১৭ এপ্রিল। এদিন নির্বাচন হবে ৪৫টি আসনে। ❖ বাংলায় চতুর্থ দফার ভোট ১০ এপ্রিল। এদিন নির্বাচন হবে ৪৪টি আসনে। ❖ বাংলায় তৃতীয় দফার ভোট ৬ এপ্রিল। এদিন নির্বাচন হবে ৩১টি আসনে।

❖ দ্বিতীয় দফায় ভোটগ্রহণ ১ এপ্রিল। এদিন নির্বাচন হবে ৩০টি আসনে। ❖ ২৭ মার্চ বাংলায় প্রথম দফায় ভোটগ্রহণ। এদিন নির্বাচন হবে ৩০টি আসনে। ❖ পশ্চিমবঙ্গে আট দফায় ভোট।

ভোট নিয়ে সরগরম বাংলা সহ বিভিন্ন রাজ্যে। পশ্চিমবঙ্গের ২৯৪ আসন, তামিলনাড়ুর ২৩৪ আসন, পুদুচেরির ৩০ আসন, কেরলে ১৪০ ও অসমের ১২৬ আসনে বিধানসভা নির্বাচন হবে এবছর। করোনা পরিস্থিতিতে এবারে বাড়ানো হয়েছে বুথের সংখ্যা এবং সমস্ত বুথই হবে বিল্ডিংয়ের একতলায়। উল্লেখ্য, ভোট ঘোষণার আগেই এরাজ্যে হাজির কেন্দ্রীয় বাহিনী। স্পর্শকাতর অঞ্চলে রুট মার্চও শুরু করেছে তারা। সূত্রের দাবি, সুষ্ঠু ও অবাধ নির্বাচন নিশ্চিত করতে ১০০০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের সিদ্ধান্ত কমিশনের। এমাসের শেষেই রাজ্যে পৌঁছে যাবে ১৭৫ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী।

# প্রথম দফার ৩০ কেন্দ্রে কে এগিয়ে, একুশের ভোটের পর বিশ্লেষণ তৃণমূল ও বিজেপির

ভোট শুরু হয়ে গেল বাংলায়। প্রথম দফায় ৩০ আসনে ভোট গ্রহণ করা হল। এই ভোট শেষে যুযুধান দুই পক্ষই এগিয়ে থাকার বার্তা দিল। তৃণমূলের ভোট কৌশলী প্রশান্ত কিশোরের ব্যাখ্যা তৃণমূল কংগ্রেস জয়ের পথে এগিয়ে চলেছে। বাংলা তাঁর নিজেরে মেয়েকেই বেছে নিয়েছে। আর বিজেপির দাবি তৃণমূল জঙ্গলমহলে খাতাই খুলতে পারবে না। লোকসভার সমস্ত আসনেই বিজেপি জিতেছিল। ২০১৯-এর লোকসভা ভোটের নিরিখে বিজেপি এগিয়েছিল ৩০টির মধ্যে ২৩টি আসনে। আর তৃণমূল মাত্র সাতটি আসনে এগিয়েছিল। পাঁচ জেলার ৩ আসনে ভোটগ্রহণ শেষে তৃণমূল আশাবাদী প্রশান্ত কিশোরের পরিকল্পনা মতো কাজ হয়েছে। তৃণমূল ভালো ফল করবে। জঙ্গলমহলে পিছিয়ে পড়া মানুষদের জন্য উন্নয়ন কর্মসূচি ২০১৯-এ তৃণমূল যে ভোট হারিয়েছিল, তা ফিরে পাওয়ার লক্ষ্যে বেশ কিছু কর্মসূচি নিয়েছিলেন ভোট কৌশলী প্রশান্ত কিশোর। জঙ্গলমহলে পিছিয়ে পড়া মানুষদের জন্য বিশেষ উন্নয়নের কর্মসূচিও নেওয়া হয়েছিল। বিশেষ নজর দেওয়া হয়েছিল কুর্মি সম্প্রদায়ের মন জয় করতে। চেষ্টার কোনও ত্রুটি রাখা হয়নি তৃণমূলের পক্ষ থেকে। ফলে ৩০টি কেন্দ্রে ভালো হবে বলে আশাবাদী তৃণমূল। তৃণমূল এবার হারছে, জঙ্গলমহলে খাতাই খুলতে পারবে না বিজেপি রাজ্য সভাপতি দিলীপ ঘোষ বলেন, মানুষ স্বতস্ফূর্তভাবে বাইরে বেরিয়ে এসে ভোট দিয়েছে। ইভিএম খারাপ ও সিআরপিএফের ভূমিকা নিয়ে প্রশ্ন তুলেছে বিরোধীরা। এ প্রসঙ্গে বিজেপির রাজ্য সভাপতি বলেন, যারা হারছে তারা এসব অভিযোগ করে। জঙ্গলমহলে ওরা খাতাই খুলতে পারবে না। তৃণমূলকে সরিয়ে রাজ্যের ক্ষমতায় আসবে বিজেপি এদিন নিজের গড়ে ভোট শেষে শিশির অধিকারী পুরনো কথা স্মরণ করে বললেন, আজ বলছি, দিদিমণি গোল খেয়ে গিয়েছে। অর্থাৎ মমতা বন্দ্যোপাধ্যায়ের গোলে বল ঢুকিয়ে দিয়েছে বিজেপি। ২০২১ সালের ভোটের ফলাফল প্রকাশের পর দেখতে পাবেন ২০১১-র পুনরাবৃত্তি হতে চলেছে রাজ্যে। সেবার বামফ্রন্টকে সরিয়ে তৃণমূল এসেছিল ক্ষমতায়। এবার তৃণমূলকে সরিয়ে রাজ্যের ক্ষমতায় আসবে বিজেপি।


## শব্দজব্দ-১০১

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | | ২ | ■ | ৩ | ■ | ৪ | | ৫ |
| | ■ | ৬ | | | | | ■ | |
| ৭ | ৮ | | ■ | | ■ | | ■ | |
| ■ | | ■ | ৯ | | | | ■ | ■ |
| ১০ | | ১১ | ■ | ■ | ■ | ১২ | ১৩ | |
| ■ | ■ | ১৪ | | ১৫ | | ■ | | ■ |
| ১৬ | ■ | | ■ | | ■ | ১৭ | | ১৮ |
| | ■ | ১৯ | | | | | ■ | |
| ২০ | | | ■ | | ■ | ২১ | | |

**সূত্র পাশাপাশি** ১। বহু, অনেক ৪। উৎসব ৬। যানবাহনের আরোহী ৭। বন্দুক ৯। লাবণ্য ও গঠন ১০। জীর্ণ; শূন্যগর্ভ ১২। অর্থাদির প্রাপ্তিস্বীকারপত্র ১৪। সংকুচিত ১৭। যুদ্ধ, লড়াই ১৯। তুষার সমুদ্র ২০। রমণীয়া, সুন্দরী ২১। গৃহীত।

**সূত্র উপর-নীচ** ১। বিচারাধীন আসামির কারাগার ২। রুচিকর ৩। নিকৃষ্ট, খেলো ৪। অত্যন্ত খাতির ৫। বিরহিত, বিহীন ৮। পানের খেত ১১। প্রকাশ্যে সরকারের বিরুদ্ধাচরণ ১৩। সৈনিক ১৫। পরিবার, ঘরকন্না ১৬। রবি ঠাকুরের বিখ্যাত গল্প ১৭। খামার ১৮। হোঁচট, ঠোকর।

# মধ্যবিত্ত ঘরে জন্ম না নিলে হয়তো জীবনের মানে বুঝতে পারতাম না



অনেক কিছুই আছে যা শুধু আমাদের মতো মধ্যবিত্তদেরই চিন্তা করতে হয়।

যেমন : ১) আমাদের টুথ ব্রাশ সূর্যমুখী ফুল না হওয়া পর্যন্ত ওটা ইউজ করতেই থাকি। ২) আমরা শ্যাম্পুর বোতল শেষ হয়ে গেলে ফেলে দিই না, তাতে জল ঢেলে সপ্তাহ খানেক চালিয়ে দেই। ৩) টুথপেস্ট বা অন্য কোনও পেস্ট শেষ হলে সেটার কোনা কেটে টিপে টিপে বের করি।নিশ্চিন্তে সপ্তাহ খানেক কেটে যায়! ৪) টিভির রিমোট জোওে জোরে টিপি, চড় থাপ্পড় দিই, তবুও নতুন ব্যাটারি লাগানোর কথা মাথায় আসে না। ৫) আমাদের ঘরের দামি প্লেট বাটি গুলো সো-কেজ এ তুলে রাখা হয়, বাড়িতে অতিথি না আসা পর্যন্ত সেগুলো বের করা হয় না। ৬) আমাদের বাড়িতে হরলিক্স-এর খালি বোতল ফেলে দেয়া হয় না, তাতে আচার বা অনান্য খাবার ভর্তি করে রাখা হয়। ৭) আমাদের ঘওে চার্জার লাইট বা ইনভারটার থাকে না তাই কারেন্ট চলে গেলে গরমের মাঝেও মোমবাতি বা হ্যারিকেনের আলোতে পড়তে হয়। ৮) মোবাইলের ব্যাটারী পাওয়ার কম হয়ে গেলেও চার্জে ঢুকিয়ে দিয়ে সারাদিন ফেসবুক ইউজ করি তবুও নতুন ব্যাটারি কিনতে চাই না। ৯)আর একটা ভিন্ন কার্য, আমরা মধ্যবিত্তরা বড় লোকদের মত নামি দামি রেস্টুরেন্টে চিকেন ফ্রাইড রাইস খেতে পারি না আবার রাস্তার পাশের ভাঙ্গা দোকানটা থেকে মাছি পড়ে থাকা চপ, সিঙ্গাড়া সাথে লিকার চাও খেতে পারি। যে চা বড়লোকরা খেলে ওয়াক থু করতে করতে কাপটাই আছাড় মারবে। আমরা মধ্যবিত্ত পরিবারে জন্মনিয়ে যতটা ভালবাসা আর সুখ খুজে পাই তা ওই চার দেয়ালের মাঝে থাকা বড় লোকরা হয়তো পায় না। কারন আমরা হাসি ঠাট্টা, মজা করতে ভালোবাসি। আমরা সকলের সাথে এক ঘরে একসাথে থাকতে ভালোবাসি। এটাই আমাদের আনন্দ। এটাই আমাদের জীবন। আমরা মধ্যবিত্ত ।

## অ্যামাজন ২.৫ মিলিয়ন এসএসএমই-কে ডিজিটাইজ করেছে

শিলিগুড়ি: অ্যামাজন ইন্ডিয়া এযাবৎ ২.৫ মিলিয়ন এমএসএমই-কে ডিজিটাইজ করেছে, ৩ বিলিয়ন ডলার মূল্যমানের রপ্তানি ঘটিয়েছে এবং প্রায় ১ মিলিয়ন মানুষের কর্মসংস্থানের ব্যবস্থা করেছে। গত বছর 'সম্ভব সামিট'-এর উদ্বোধনের সময় অ্যামাজন ঘোষণা করেছিল, ২০২০ থেকে ২০২৫ সালের মধ্যে তারা ১ বিলিয়ন ডলার বিনিয়োগ করবে, ১০ মিলিয়ন এমএসএমই-কে ডিজিটাল ক্ষমতাযুক্ত করতে, ১০ বিলিয়ন ডলার মূল্যের ইকমার্স এক্সপোর্ট সম্ভব করতে ও ১ মিলিয়ন কর্মসংস্থান করতে। সেই পথেই এগিয়ে চলেছে অ্যামাজন।

বর্তমানে, ভারতে ২.৫ মিলিয়ন এমএসএমই অ্যামাজনের সঙ্গে কাজে যুক্ত রয়েছে, যাদের মধ্যে আছেন বিক্রেতা, হস্তশিল্পী ও তাঁতশিল্পী, ডেলিভারি ও লজিস্টিক পার্টনার ইত্যাদি। ২০২০ সালের জানুয়ারি থেকে এপর্যন্ত প্রায় ২৫০,০০০ জন নতুন বিক্রেতা অ্যামাজন-ডট-ইনে যোগ দিয়েছেন। 'অ্যামাজন গ্লোবাল সেলিং' দ্রুতগতিতে এগিয়ে যাচ্ছে। বর্তমানে এর সঙ্গে ৭০,০০০-এরও অধিক এক্সপোর্টার রয়েছেন, যারা রপ্তানিকে ৩ বিলিয়ন ডলার মূল্যেরও বেশিতে পৌঁছে দিয়েছেন। সমস্যাকীর্ণ বছরেও অ্যামাজন বিভিন্ন ক্ষেত্রে ৩০০,০০০ প্রত্যক্ষ ও পরোক্ষ কর্মসংস্থানে সাহায্য করেছে। সবমিলিয়ে, ২০১৩ সাল থেকে এপর্যন্ত অ্যামাজন ভারতে ১ মিলিয়নেরও বেশি প্রত্যক্ষ ও পরোক্ষ কর্মসৃজনে সহায়তা দিয়েছে।

# পিএমকেভিওয়াই ৩.০ বিষয়ে স্কিল ইন্ডিয়ার কর্মশালা





সিকিম: শিল্প সংক্রান্ত বিষয়ে উত্তরপূর্বাঞ্চলের যুবসমাজকে ক্ষমতায়িত করার লক্ষ্য নিয়ে স্কিল ডেভেলপমেন্ট অ্যান্ড এন্টারপ্রিনারশিপ (এমএসডিই) মন্ত্রক প্রধানমন্ত্রী কৌশল বিকাশ যোজনা (পিএমকেভিওয়াই) ৩.০ বিষয়ে একটি আঞ্চলিক কর্মশালার আয়োজন করেছিলসিকিমের গ্যাংটকে। এই কর্মশালার উদ্দেশ্য ছিল যুবসমাজের উৎপাদনশীলতা বৃদ্ধি করা ও দেশের আর্থিক উন্নয়নে অবদান সৃষ্টি করা। সিকিম, অরুণাচল প্রদেশ, আসাম, মণিপুর, মেঘালয়, মিজোরাম, নাগাল্যান্ড ও ত্রিপুরা এই আটটি রাজ্যের স্টেট স্কিল ডেভেলপমেন্ট মিশন (এসএসডিএম) ও ডিস্ট্রিক্ট স্কিল ডেভেলপমেন্ট কমিটিগুলির (ডিএসসি) কর্মকর্তারা এই কর্মশালায় সক্রিয়ভাবে অংশগ্রহণ করেছিলেন। একদিনব্যাপী অনুষ্ঠিত পিএমকেভিওয়াই ৩.০ বিষয়ক এই কর্মশালায় বিভিন্ন স্কিম ও প্রোগ্রাম, ম্যানেজমেন্ট স্ট্রাকচার ও প্রসেস, বর্ধিত পরিকাঠামো এবং এইসব উদ্যোগের ক্ষেত্রে স্থানীয় সমস্যাবলী নিয়ে আলোচনা হয়। এইসব বিষয়ে আলোচনায় অংশগ্রহণ করেনআটটি রাজ্য থেকে আগত প্রতিনিধিরা।

# রজার ফেডেরার সুইজারল্যান্ড ট্যুরিজমের ব্র্যান্ড অ্যাম্বাসাডর




গুয়াহাটি: সুইজারল্যান্ডকে বিশ্ববাসীর সামনে তুলে ধরতে একযোগে কাজ করবেন রজার ফেডেরার ও সুইজারল্যান্ড ট্যুরিজম (এসটি)। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর পর্যটন শিল্পে এতবড় সমস্যা দেখা যায়নি, তাই এই উদ্যোগ খুবই প্রয়োজনীয় ছিল বলে এসটি-র বিশ্বাস। সবসময়ের প্রিয় স্থান তাদের মতে, সুইজারল্যান্ডকে বিশ্বের সামনে উপস্থিত করার জন্য রজার ফেডেরারের মতো আইকনিক ব্যক্তিত্ব খুবই দরকার ছিল। রজার ফেডেরার জানান, খেলতে নেমে তিনি সবসময়েই মনে রাখেন তিনি সুইজারল্যান্ডের প্রতিনিধিত্ব করছেন। তাঁর নামের সঙ্গে সুইজারল্যান্ডের পতাকা জড়িয়ে থাকে। এসটি'র সঙ্গে যোগ দেওয়াকে যুক্তিযুক্ত বলে জানিয়ে তিনি বলেন, তাঁর সুইজারল্যান্ড। দেশের বাইরে গেলেও এই দেশের কথা ভুলতে পারেন না তিনি। এসটি'র সিইও মার্টিন নাইডেগার বলেন, সুইজারল্যান্ড ট্যুরিজম ও রজার ফেডেরার অবিচ্ছেদ্য। এই সম্পর্কের বন্ধন খুবই গুরুত্বপূর্ণ। এপ্রিল মাস থেকেই ইউরোপিয়ান শহরগুলির দিকে নজর রেখে 'কমিউনিকেশন অ্যাক্টিভিটি' শুরু করবে এসটি। পরবর্তীতে ভারত-সহ ইউএসএ ও এশিয়া প্যাসিফিকের প্রতি দৃষ্টি দেওয়া হবে। ভিস্যুয়াল ও শর্ট ক্লিপের একটি সিরিজে রজার ফেডেরার ও সুইজারল্যান্ডের প্রকৃতি প্রদর্শন করা হবে। রজারের চোখে সুইজারল্যান্ডকে দেখা যাবে মাইসুইজারল্যান্ড-ডট-কমে।

# এক্সক্লুসিভ মুভিজের জন্য এমআই আর্লি অ্যাক্সেস




শিলিগুড়ি: ভারতের ১ নম্বর স্মার্টফোন ও টিভি ব্র্যান্ড এমআই ইন্ডিয়া হইচই-এর সঙ্গে সহযোগিতায় প্যাচওয়ালে লঞ্চ করল 'আর্লি অ্যাক্সেস'। এর ফলে এক্সক্লুসিভ বাংলা মুভি টাইটেলগুলি প্যাচওয়াল প্লাটফর্মে দেখা যাবে অফিসিয়াল রিলিজের ৪ ঘন্টা আগেই। এটা এমআই ও রেডমি টিভি'র ফ্যান ও গ্রাহকদের কাছে এক সুসংবাদ। বাংলা সিনেমার দর্শকরা এখন থেকে বিগেস্ট ব্লকবাস্টার মুভিগুলির প্রিমিয়ার দেখার সুযোগ পাবেন। সম্প্রতি এমআই ও রেডমি টিভি'র ব্যবহারকারীরা অফিসিয়াল রিলিজের ৪ ঘন্টা আগে প্যাচওয়ালে দেখেছেন 'প্রেম টেম'। এছাড়া, আগামী ২ এপ্রিল তারা অন্যতম জনপ্রিয় বাংলা ওয়েব-সিরিজ 'মোহমায়া' দেখতে পারবেন রিলিজের আগেই। উল্লেখ্য, ভারতের জন্য বিশেষভাবে ডিজাইন করা প্যাচওয়াল ইন্টারফেস সকল এমআই টিভি'তে থাকে। প্যাচওয়ালে যেসব ফিচার্স থাকে সেগুলির মধ্যে রয়েছে ইউনিভার্সাল সার্চ, ইউজার সেন্টার, কিডস মোড, স্মার্ট রেকমেন্ডেশনস ও লাইভ টিভি। এইসব কারণে স্মার্ট টিভিগুলির মধ্যে এটি হয়ে উঠেছে 'মোস্ট কম্প্রিহেন্সিভ কনটেন্ট প্লাটফর্ম'।

# কর্মীদেরও ভ্যাক্সিনেশনের ব্যয় জোগাবে ওয়ো

কলকাতা: ওয়ো হোটেলস অ্যান্ড হোমস ভারতে তাদের কর্মীদের ও পরিবারের সকলের ভ্যাক্সিনেশনের সম্পূর্ণ ব্যয় বহন করবে। এরফলে ওয়োর কর্মীরা ও পরিবারের সদস্যরা উপকৃত হবেন। এছাড়াও, কর্মীদের জন্য বীমার সুরক্ষা বাড়িয়ে তাতে 'কোভিড-১৯ হোম কেয়ার' অন্তর্ভুক্ত করা হয়েছে। কর্মীদের সুবিধার্থে ওয়ো তাদের কর্মীদের জন্য নীতিগত পরিবর্তন ঘটিয়ে চলেছে। এবার তাদের জন্য ফ্রি অ্যানুয়াল হেলথ চেক, ২৪চ৭ ডক্টর কন্সাল্টেশন, ওয়ান-অন-ওয়ান কাউন্সেলিং সেশন ছাড়াও কোভিড-১৯ টেস্ট বুকিং, অনলাইন মেডিসিন অর্ডারিং ও অন্যান্য সুবিধার ব্যবস্থা করা হচ্ছে। এরসঙ্গে সাইকিয়াট্রিক কভার ও বর্ধিত মেটারনিটি কভারও যোগ করা হয়েছে।একইসঙ্গে ওয়ো #রাইজইকোয়ালি উদ্যোগ চালু করেছে, যার দ্বারা পেরেন্টাল লিভ পলিসিতে পরিবর্তন আনা হয়েছে। নীতিগত পরিবর্তন ঘটিয়ে কোম্পানি পেটারনিটি লিভ আগের ২ সপ্তাহ থেকে বাড়িয়ে ৪ সপ্তাহ করেছে। নতুন বাবা-মা'রা ওয়ার্ক-ফ্রম-হোমের জন্য অতিরিক্ত ৮ সপ্তাহ ছুটি এবং অর্ধবেতনে বাড়তি ৮ সপ্তাহ ছুটি নিতে পারবেন। এপ্রিল থেকে ভারতে ওয়োর কর্মীরা তাদের বেতন পাবেন মাসের ২৫ তারিখ বা তারও আগে, যাতে তারা নিজেদের ইচ্ছানুসারে আর্থিক পরিকল্পনা গ্রহণ করতে বা সঞ্চয় করতে সক্ষম হন।

# চিনে নিন হার্ট অ্যাটাকের আগাম লক্ষণগুলি, ব্যবস্থা নিন আগেভাগেই!



নিজস্ব প্রতিবেদন: জেটগতির যুগেও কি অকালে হার্ট অ্যাটাক থেকে রক্ষা পাওয়া সম্ভব? হ্যাঁ, সম্ভব, বলছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডঐঙ)। বিশেষজ্ঞদের মতে, হার্ট অ্যাটাকের ঝুঁকি কমাতে বা হৃদযন্ত্র সুস্থ রাখতে আসলে প্রথমেই প্রয়োজন আমাদের লাইফস্টাইলের পরিবর্তন ঘটানো।



যখন হৃদপিণ্ডের কোনও শিরায় রক্ত জমাট বেঁধে হৃদপিণ্ডে রক্ত প্রবাহে বাঁধার সৃষ্টি করে তখনই হার্ট অ্যাটাক হয়। বয়স, উচ্চ রক্তচাপের সমস্যা, উচ্চ কোলেস্টেরলের সমস্যা, অতিরিক্ত মেদ, অস্বাস্থ্যকর খাদ্যাভ্যাস, মদ্যপান, মানসিক চাপএগুলি মূলত হার্ট অ্যাটাকের কারণ। অনেক সময় হার্ট অ্যাটাক হলেও সঠিকভাবে বোঝা সম্ভব হয় না। সমস্যা হল কখনও কখনও বুকে কোনও ধরণের ব্যথা ছাড়াই হার্ট অ্যাটাক হতে পারে, ফলে হার্ট অ্যাটাক হয়েছে কিনা তা খুব ভাল করে বোঝা যায় না। তাই জেনে নেওয়া যাক হার্ট অ্যাটাকের অন্যান্য লক্ষণগুলি সম্পর্কে।

১) হৃদরোগ বিশেষজ্ঞদের মতে, হার্ট অ্যাটাকের প্রায় ১ মাস আগে থেকেই দুর্বলতা এবং ঘন ঘন শ্বাসপ্রশ্বাসের সমস্যা শুরু হয়ে যায়। কোনও কারণ ছাড়াই শারীরিক দুর্বলতা এবং খুব সহজেই হাঁপিয়ে উঠে ঘন ঘন শ্বাস নেয়ার সমস্যা শুরুর বিষয়ে সতর্ক থাকুন। এই রকম শারীরিক দুর্বলতা এবং শ্বাসপ্রশ্বাসের সমস্যা হলে বুঝতে হবে হৃদপিণ্ডের বিশ্রামের প্রয়োজন।

২) হটাত্ করে অতিরিক্ত ঘেমে যাওয়ার সমস্যা শুরু হলে সে তা অবহেলা করবেন না। কারণ, এটিও হার্ট অ্যাটাকের একটি লক্ষণ। যখন হার্ট ব্লক হয় তখন রক্ত সঞ্চালনে হৃদপিণ্ডের অনেক বেশি কাজ করতে হয়। এই অতিরিক্ত পরিশ্রমের ফলে ঘামের সৃষ্টি হয় এবং এই ঘাম সাধারণত অনেক ঠাণ্ডা হয়ে থাকে। এই ধরনের সমস্যাকে অবহেলা না করে চিকিত্সকের শরণাপন্ন হওয়াই বুদ্ধিমানের কাজ।

৩) একাধিক গবেষণায় দেখা গিয়েছে, হার্ট অ্যাটাকের আগে থেকে বেশিরভাগ আক্রান্তরই বদহজমের সমস্যা এবং গ্যাস্ট্রোইনটেস্টিনাল সমস্যা দেখা দেয়। এছাড়াও বুক জ্বালা যা আমরা অনেকে স্বাভাবিক বদহজমের সমস্যা ভেবে অবহেলা করি, তা-ও হতে পারে হার্ট অ্যাটাকের ইঙ্গিত। এর পাশাপাশি আচমকা কোনও কারণ ছাড়াই মাথা ঘোরানো, বমি বমি ভাব এবং বমি করার বিষয়গুলি অবহেলা করবেন না।

৪) অনেক সময় হার্ট অ্যাটাকের সময় বুকে ব্যথা অনুভূত হয় না। এ ক্ষেত্রে বুকে অস্বস্তিকর অনুভূতি এবং বুকে চাপ ধরা ভারি ভাব অনুভব করার বিষয়টিতে নজর দিতে হবে। এই সময় শ্বাস নিতেও সমস্যা হতে পারে। এ সব বিষয় নজরে পড়লে দ্রুত চিকিত্সকের শরণাপন্ন হওয়া উচিত।

৫) শুধু বুকে ব্যথাই নয়, শরীরের অন্যান্য বিশেষ কিছু অঙ্গে ব্যথা অনুভব হওয়াও হতে পারে হার্ট অ্যাটাকের লক্ষণ। পেটের উপরের অংশ, কাঁধ, পিঠ, গলা, দাঁত ও চোয়াল এবং বাম বাহুতে হুট করে অতিরিক্ত ব্যথা হওয়া বা চাপ অনুভব অথবা আড়ষ্টতা অনুভব করাও হতে পারে হার্ট অ্যাটাকের লক্ষণ। তাই এই বিষয়গুলিকে মোটেই অবহেলা করবেন না।

## প্রচণ্ড মানসিক চাপ, দুশ্চিন্তায় রাতের ঘুম উড়েছে? চকলেট খান, চাপ কাটান!



নিজস্ব প্রতিবেদন: এমন বেশ কিছু খাবার আছে, যা খেলে উদ্বেগ, মানসিক চাপ নিমেষেই কেটে যেতে পারে। আসুন সেগুলি সম্পর্কে জেনে নেওয়া যাক...

১) কাঠবাদামে রয়েছে ভিটামিন বি আর ভিটামিন ই, যা আমাদের শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতাকে উন্নত করতে অত্যন্ত কার্যকর। যখন আমাদের শরীরে রোগ প্রতিরোধ ক্ষমতা স্বাভাবিক থাকে, তখন আমরা মানসিক চাপ, উদ্বেগ বা বিষণ্ণতার মতো সমস্যায় কম ভুগি। তাই প্রতিদিন অন্তত ৫-৬টা কাঠবাদাম পাতে রাখুন। উপকার পাবেন।

২) যদিও অতিরিক্ত মাত্রায় চিনি খাওয়া স্বাস্থ্যের পক্ষে ক্ষতিকর, তবে মানসিক চাপ কাটাতে সামান্য চিনি খেয়ে দেখতে পারেন। এতে আমাদের মস্তিষ্কের উদ্দীপ্ত পেশিগুলি শিথিল হওয়া শুরু করে এবং মানসিক চাপ ধীরে ধীরে কমে যায়। তবে ডায়াবেটিসের আক্রান্ত যাঁরা, তাঁদের জন্য এই পদ্ধতি একেবারেই উচিৎ নয়।

৩) চিনির বিকল্প হিবে অনেকেই আজকাল মধু ব্যবহার করেন। মানসিক চাপ বা উদ্বেগ কমাতেও মধু খুবই উপকারী।

৪) মিষ্টি আলু খেলে আমাদের মানসিক চাপ ধীরে ধীরে কমতে শুরু করে। তাই মানসিক চাপ, উদ্বেগ বা বিষণ্ণতার মতো সমস্যায় মিষ্টি আলু সেদ্ধ করে খেতে পারেন। উপকার পাবেন।

৫) ডার্ক চকলেট মানুষের অনুভূতি নিয়ন্ত্রণের জন্য অত্যন্ত কার্যকরী একটি খাবার। চকলেট খেলে 'এন্ডোরফিন' নামের এক রকম হরমোনের নিঃসরণ ঘটে যা আমাদের মানসিক চাপ বা উদ্বেগ দ্রুত কাটাতে সাহায্য করে। তবে, সাধারণ মিল্ক চকলেট নয়, ডার্ক চকলেট খাওয়াই স্বাস্থ্যের পক্ষে উপকারী।


৬) সবুজ সবজি যেমন, শসা, ব্রকলি ইত্যাদিতে প্রচুর পরিমাণে ফলিক অ্যাসিড আর ম্যাগনেসিয়াম রয়েছে। এই উপাদানগুলি আমাদের মস্তিষ্কে তৃপ্তির অনুভূতি সৃষ্টি করে। প্রতিদিন পাতে রাখুন সবুজ শাক-সবজি। দেখবেন মানসিক চাপের সমস্যা অনেকটাই নিয়ন্ত্রণে চলে এসেছে।

## করোনা আতঙ্কের আবহে মেনে চলুন এই নিয়মগুলি, বাড়িয়ে তুলুন শরীরের প্রতিরোধ ক্ষমতা

শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা অনেকটাই নির্ভর করে আমাদের জীবনযাত্রার ধরন আর ডায়েটের উপর। চলুন জেনে নেওয়া যাক কী ভাবে করোনা আতঙ্কের আবহে শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়িয়ে তুলবেন...


করোনা আতঙ্কের আবহে সব রকম অনিয়ম বন্ধ করুন। অনেক রাত পর্যন্ত জেগে থাকা, দেরি করে ঘুম থেকে ওঠা, ফ্রিজের ঠাণ্ডা খাবার খাওয়া, যখন-তখন খাওয়া ইত্যাদি অনিয়ম বন্ধ করুন। এই সব অনিয়ম ধীরে ধীরে বদহজম, কোষ্ঠকাঠিন্য, শ্বাসকষ্ট বা ডায়াবেটিসের মতো একাধিক স্বাস্থ্য সমস্যা বাড়িয়ে দিতে পারে।

করোনা আতঙ্কের আবহে শরীর সুস্থ রাখতে প্রয়োজন পর্যাপ্ত ঘুম। পর্যাপ্ত এবং নিরবচ্ছিন্ন ভাল ঘুম শরীর সুস্থ রাখতে এবং রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়াতে সাহায্য করে। রক্তচাপ নিয়ন্ত্রণে রাখতে, হজমশক্তি উন্নত করতেও ঘুম অত্যন্ত জরুরি।



প্রতিদিন অন্তত ১০ থেকে ১৫ মিনিটের জন্য ধ্যান করুন। এতে মন শান্ত হবে, কমবে রক্তচাপ, মানসিক চাপ এবং অবসাদ। এতে শরীর সুস্থ থাকবে আর বাড়বে রোগ প্রতিরোধ ক্ষমতাও।

ঘুম থেকে ওঠার দুই ঘন্টার মধ্যেই পেট ভরে সকালের জলখাবার সেরে ফেলুন। এর পর প্রতি ৩ থেকে ৪ ঘণ্টা পরপর মুড়ি, বিস্কুট, চিড়ে শরবত, দইয়ের ঘোল ইত্যাদি হালকা খাবার খান। রাত ১০টার মধ্যে, ঘুমোতে যাওয়ার অন্তত এক থেকে দেড় ঘণ্টা আগে রাতের খাবার সেরে ফেলুন।সারা দিনে নিয়ম করে প্রচুর জল খান। জল আমাদের শরীর থেকে টক্সিন দূর করতে সাহায্য করে। একই সঙ্গে শরীরে প্রয়োজনীয় অক্সিজেন সরবরাহ করে শরীর সতেজ রাখতেও সাহায্য করে।





প্রথমেই বলে রাখা দরকার। নুসরত জাহান মানেই কিন্তু নিখিল জৈনের সঙ্গে তাঁর সম্পর্ক কতদূর? বিবাহবিচ্ছেদ হবে কবে? এসব প্রশ্নের উত্তর নয়। কারণ, নুসরত জাহানের জীবন এখন নিখিলকে ছাড়াও অনেক কিছুর সঙ্গে জড়িত। তিনি অভিনেত্রী, তিনি সাংসদ। বাংলায় নির্বাচনের আবহে তাঁর কাঁধেও রয়েছে বিশাল দায়িত্ব। আর নুসরত সব বিতর্ককে ভুলে দিব্য সেসব নিয়ে ব্যস্ত।

ঠিক যেমন নতুন এক ফটোশুটে দেখা গেল নুসরত জাহানকে। গোলাপি শেডের গাউনে নতুন এই ফটোশুটে রীতিমতো আগুন ধরালেন নুসরত। এই ফটোশুটের ছবি ইনস্টাগ্রামে আপলোড হতেই নেটিজেনদের মধ্যে শোরগোল। ছবি দেখে নেটিজেনরা নুসরতকে লাইকে ভরিয়ে দিয়েছেন।

সোশাল মিডিয়ায় দারুণ অ্যাক্টিভ নুসরত জাহান। যখন, যা করছেন তাই শেয়ার করছেন সোশাল মিডিয়ায়। নুসরতের এই অভ্যাস নিয়ে, বিশেষ করে টিকটক নিয়ে জলঘোলা হয়েছিল পার্লামেন্টেও। তবে নুসরত জাহান কিন্তু এসবে একেবারেও পাত্তা দেননি। বরং বার বার তীব্র প্রতিবাদ করেছেন বিতর্ক উঠলেও। কয়েকদিন আগে এই ভোটের মরশুমে যশের সঙ্গে ডিনার ডেটের ছবি পোস্ট করায় নেটিজেনদের বিতর্কের মুখে পড়তে হয়েছিল নুসরতকে। তবে এসব নিয়ে কখনই মাথা ঘামননি তিনি। বরং সব বিতর্ককে এড়িয়ে নিজের মতো দিব্য আছেন নুসরত।

## ফিল্মফেয়ার অ্যাওয়ার্ড পেলেন শুভশ্রী




কলকাতা: পরিণীতা ছবির মেহুল চরিত্রটির জন্য ফিল্মফেয়ার অ্যাওয়ার্ড পেলেন অভিনেত্রী শুভশ্রী গঙ্গোপাধ্যায়। দীর্ঘসময় বড় পর্দা থেকে বিরতি নেওয়ার পরে শুভশ্রীর কামব্যাক ছবি হয় পরিচালক রাজ চক্রবর্তীর ছবি পরিণীতার মেহুল চরিত্রটির মাধ্যমে। এই ছবি নিঃসন্দেহে অভিনেত্রী শুভশ্রীর জীবনের টার্নিং পয়েন্ট বলা যেতে পারে। ছবিতে সাদামাটা ছাপোষা মেহুল প্রেমে পড়ে পাড়াতুতো দাদা বাবাই দার । এই বাবাইদার চরিত্রে অভিনয় করেছেন অভিনেতা ঋত্বিক চক্রবর্তী। গল্পের প্রথমাংশে পড়াশোনায় খুব একটা ভালো নয় মেহুল। সে নিছকই পাশের বাড়ির একটি সাধারণ মেয়ের মতন। অন্যদিকে বাবাইদা পড়াশোনায় ভালো , থিয়েটার করে ব্রাইট ফিউচার। এরপর গল্পের স্রোতে ছবি দ্বিতীয়ার্ধে দেখা যায়, কমপ্লিটলি গ্রুমড, চূড়ান্ত স্মার্ট, দারুন গ্ল্যামারাস মেহুলকে। চরিত্রের দুটো শেডেই অসাধারণ অভিনয় করে ক্রিটিক থেকে সাধারণ মানুষের মন জয় করেছিল শুভশ্রী।

# করণকে বিয়ে করতে এক পায়ে রাজি একতা!



হ্যাঁ, শিরোনামটা ঠিকই পড়েছেন। বলিউডের পরিচালক ও প্রযোজক করণ জোহরকে বিয়ে করার জন্য নাকি একেবারেই তৈরি ছিলেন টেলিভিশন ধারাবাহিকের প্রযোজক একতা কাপুর। শোনা যায়, করণের মনে মনেও ইচ্ছেটা ছিল জোরদার। আর একথা বহুবার প্রকাশ্যে বলেছেন করণ-একতা দু'জনেই। গপ্পোটা হল, হঠাৎই ভাইরাল হয়েছে একতা কাপুরের একটি পুরনো সাক্ষাৎকার, যেখানে একতা এবং করণ দু'জনেই স্পষ্ট বলেছিলেন বিয়ের কথা। তা ঠিক কী বলেছিলেন তিনি? করণ সাক্ষাৎকারে জানিয়ে ছিলেন, 'আমি মনে হয় কোনও দিনই সঙ্গী পাবো না। একতা আমার খুব ভালো বন্ধু। আমরা সব কিছু শেয়ার করি, তাই একতা রাজি থাকলে আমি ওকে বিয়ে করতে পারি!' করণের মুখ থেকে একথা শুনে, প্রথমে কিছুটা হতবাক হয়েছিলেন একতা কাপুর, তিনি স্পষ্ট জানিয়েছিলেন, 'এটা সত্যি আমি আর করণ দারুণ বন্ধু, তাই হয়তো আমাদের মধ্যে প্রেমটা সেভাবে হল না। তবে আমাকে যদি করণ প্রোপোজ করে তাহলে হ্যাঁ করে দেব। কারণ আমরা দু'জন দারুণ জুটি।' তবে এসব কথা একেবারেই এখন ইতিহাস। করণ এখন সারোগেসির সাহায্য নিয়ে দু'বাচ্চার বাবা। অন্যদিকে একতাও সামলাচ্ছেন বাচ্চা। তবে বন্ধত্ব কিন্তু এখন করণের সঙ্গে বেড়েই চলেছে একতার, করণ-একতার বন্ধুত্ব বহুদিন ধরেই , দু'জনেই দু'জনের কাজকে সম্মান করেন এবং প্রশংসা ও সমালোচনাও করেন, তবে একতা যেহেতু মূলত ধারাবাহিক নিয়েই থাকেন। তাই সিনেমার জগতের সঙ্গে যুক্ত মানুষদের মধ্যে শুধু করণকেই চেনেন একতা। এই বন্ধুত্ব কিন্তু সেই ছোট্টবেলা থেকে।

# তালিকা দীর্ঘ হচ্ছে বলিউডের, এবার কোভিড-১৯ পজিটিভ ক্যাটরিনা কাইফ



করোনায় বলিউড তারকাদের আক্রান্তের তালিকা ক্রমেই দীর্ঘ হয়ে যাচ্ছে। রবিবার অক্ষয় কুমার ও তাঁর ছবি 'রাম সেতু'র ৪৫ জন জুনিয়র শিল্পী করোনায় আক্রান্ত হওয়ার পর মঙ্গলবার কোভিডু১৯ পজিটিভ রিপোর্ট এসেছে বলিউডের হার্টথ্রব ক্যাটরিনা কাইফের। অভিনেত্রী তাঁর করোনায় আক্রান্ত হওয়ার ঘটনাটি ইনস্টাগ্রাম স্টোরিতে দিয়েছেন এবং জানিয়েছেন যে তিনি কোয়ারেন্টাইনে রয়েছেন। এর আগে সোমবার ক্যাটরিনার ঘনিষ্ঠ বন্ধু ভিকি কৌশলের করোনায় আক্রান্ত হওয়ার খবর সামনে আসে।করোনায় আক্রান্ত ক্যাটরিনা কাইফ! তালিকা দীর্ঘ হচ্ছে বলিউডের, এবার কোভিড-১৯ পজিটিভ ক্যাটরিনা কাইফ। ক্যাটরিনা তাঁর ইনস্টা স্টোরিতে জানিয়েছেন সকলকে যে তিনি করোনা পজিটিভ। অভিনেত্রী লিখেছেন, 'আমি করোনা পজিটিভ। আমি তৎক্ষণাত নিজেকে আইসোলেট করে নিয়েছি এবং বাড়িতেই কোয়ারেন্টাইনে রয়েছি। চিকিৎসকের পরামর্শে আমি সব ধরনের সুরক্ষা বিধি মেনে চলছি।' তিনি আরও জানিয়েছেন যে তাঁর সংস্পর্শে যাঁরা এসেছেন তাঁরাও যেন করোনা টেস্ট করিয়ে নেন। সোমবার ক্যাটরিনার ঘনিষ্ঠ বন্ধু ভিকি কৌশল করোনায় আক্রান্ত হওয়ার খবর সোশ্যাল মিডিয়ায় শেয়ার করেন। এর কিছুক্ষণ আগেই ভূমি পেডনেকারও জানান যে তিনিও কোভিড-১৯-এ আক্রান্ত। মহারাষ্ট্র কোভিডের গ্রাসে পুরোপুরি জড়িয়ে গিয়েছে। সবচেয়ে বেশি প্রভাব পড়েছে মুম্বই ও বলিউডের ওপর। বলিউডের একাধিক জনপ্রিয় তারকা এই ভাইরাসে আক্রান্ত হয়ে বাড়িতে কোয়ারেন্টাইনে রয়েছেন। সেই তালিকায় রয়েছেন রণবীর কাপুর, আলিয়া ভাট, সঞ্জয় লীলা বনশালি, আমির খান, আর মাধবন, ফতেমা সানা শেখ, গোবিন্দা, মনোজ বাজপেয়ী, কার্তিক আরিয়ান, সতীশ কৌশিক, পরেশ রাওয়াল, মিলিন্দ সোমান, ভিকি কৌশল, ভূমি পেডনেকার সহ আরও অনেকে। এবার সেই তালিকায় যোগ হলেন ক্যাটরিনা কাইফ।

# কিংশুক পা রাখতে চলেছেন হলিউডে

৯০ দশকের জনপ্রিয় ব্যান্ড ইউফোরিয়ার প্রধান গায়ক পলাশ সেনের পুত্র কিংশুক সেন হলিউডে পা রাখতে চলেছেন 'ইন আ সাইলেন্ট ওয়ে' ছবির মধ্য দিয়ে। ছবির নাম বিখ্যাত মাইলস ডেভিসের গানের লাইন, এই ছবিতে দেখানো হবে লস অ্যাঞ্জেলসে চারজন জ্যাজ মিউজিসিয়ানদের জীবন এবং ইন্ডাস্ট্রিতে কীভাবে তাঁরা নিজেদের জায়গা করে নেন তাই নিয়েই ছবির কাহিনী। ইফফোরিয়ার পলাশ সেনের পুত্র কিংশুক পা রাখতে চলেছেন হলিউডে। এই হলিউড ছবির পরিচালক কলিন লেভিন এবং ছবিতে অভিনয় করেছেন নিকোলাই ডোরিয়ান ও কিম্বাল ফেয়ারলি। কিংশুকের বাবা পলাশ সেন একাধারে চিকিৎসক আবার ইউফোরিয়া ব্যান্ডের স্রষ্টা। পলাশ সেন তথাকথিত "হিন্দি রক" ঘরানার সঙ্গীতের প্রথম দিকের একজন গায়ক হিসেবে পরিচিত। মিউজিক ভিডিও তৈরির পাশাপাশি পলাশ বেশ কিছু হিন্দি ছবিতে কাজও করেছেন।



## মেয়াদ পূর্ণ করলে স্টালিনকেও টপকে যাবেন পুতিন

নিজস্ব প্রতিবেদন: ২০৩৬ সাল পর্যন্ত ক্ষমতায় থাকতে পারবেন রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। ছ'বছর করে আরও দু'টি মেয়াদ প্রেসিডেন্ট পদে থাকার সুযোগ রেখে করা আইনে চূড়ান্ত অনুমোদন দিয়েছেন রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। আইনটি চূড়ান্ত অনুমোদন দেওয়ায় পুতিন নিজের ক্ষমতায় থাকার সম্ভাবনার দরজাও খুলে দিলেন। আইন মোতাবেক ২০৩৬ সাল পর্যন্ত ক্ষমতায় থাকতে পারবেন তিনি। এখনই পুতিন দুই দশকের বেশি সময় ধরে ক্ষমতায় আছেন।

সাংবিধানিক সংস্কারের অংশ হিসেবে গত বছর এই পরিবর্তনের প্রস্তাব দিয়েছিলেন পুতিন । গত বছর জুলাইয়ে অনুষ্ঠিত এক গণভোটে এই প্রস্তাবকে জোরালো ভাবে সমর্থন করেন রুশ জনগণ। গত মাসে বিলটি অনুমোদন পায়। বিলটি আইন হিসেবে অনুমোদন পাওয়ায় পুতিন তাঁর চলতি মেয়াদ শেষে আবারও প্রেসিডেন্ট নির্বাচনে দাঁড়াতে পারবেন।

# সৌন্দর্য প্রতিযোগিতার মঞ্চই হয়ে উঠল অসুন্দও, বিজয়িনীর মাথা থেকে ছিনিয়ে নেওয়া হল Crown

নিজস্ব প্রতিবেদন: 'বিজয়িনী' কবিতায় নজরুল লিখেছিলেন-- 'হে মোর রানি! তোমার কাছে হার মানি আজ শেষে/....এই হার-মান-হার পরাই তোমার কেশে'! কিন্তু মাথায় পরিয়ে দেওয়া মুকুট খুলে নিতে গিয়ে তা 'কেশে' আটকে গিয়ে আক্ষরিক অর্থেই যে একটা 'চুলোচুলি' ব্যাপার ঘটতে পারে নজরুলের কবিতায় তার ইঙ্গিতমাত্র নেই! থাকবেই-বা কী করে! এমন ঘটনা তো কখনও ঘটেছে বলেও কেউ মনেও করতে পারছে না! স্বয়ং বিজয়িনীর মাথা থেকে মুকুট খুলে নেওয়ার মতো অসুন্দর ঘটনা কোনও সৌন্দর্য প্রতিযোগিতায় যে ঘটতে পারে, তাই-বা কে ভেবেছে। অথচ তেমন ঘটনাই ঘটল শ্রীলঙ্কায় (Sri Lanka)! শ্রীলঙ্কার এক সৌন্দর্য প্রতিযোগিতায় বিজয়িনীর মাথা থেকে মুকুট খুলে নেওয়া হল। এবং খুলে নেওয়ার সময়ে টানা-হেঁচড়ায় মাথায় আঘাত পেলেন



বিউটি কুইন। তাঁকে ভর্তিও হতে হল হাসপাতালে। 'মিসেস শ্রীলঙ্কা' (Mrs Sri Lanka) প্রতিযোগিতায় এই বিতর্কের সূত্রপাত। ২০২০-'২১ বর্ষের বিজয়িনী ঘোষিত হন ৩১ বছরের পুষ্পিকা ডি সিলভা (Pushpika De Silva)। নাম ঘোষণা হওয়ার পর পুষ্পিকার মাথায় মুকুট ওঠে। নিজে হাতে তা পুষ্পিকার মাথায় তুলে দেন ২০১৯-'২০ বর্ষের বিজয়িনী ক্যারোলিন জুরি (Caroline Jurie)। পরে হাতে মাইক নিয়ে পুষ্পিকাকে আক্রমণ করেন তিনি। তিনি ঘোষণা করেন, পুষ্পিকা মুকুটের যোগ্য নন। কারণ প্রতিযোগিতাটি বিবাহিত মহিলাদের জন্য। পুষ্পিকার বিয়ে হলেও বিচ্ছেদ ঘটেছে। তাই সেরার শিরোপা পাওয়ার যোগ্য নন পুষ্পিকা। এর পরে পুষ্পিকার মাথার মুকুট ধরে টানাটানি শুরু করেন ক্যারোলিন। চুল ধরে টেনে-হিঁচড়ে শেষমেশ মুকুটটি পুষ্পিকার মাথা থেকে খুলে দ্বিতীয় স্থানাধিকারীর মাথায় পরিয়ে দেন। গোটা ঘটনায় অপমানিত হয়ে মঞ্চ ছেড়ে বেরিয়ে যান পুষ্পিকা। তবে পরে নেটমাধ্যমে বিষয়টি নিয়ে মুখ খোলেন। Facebook post-য়ে জানান, আইনত বিচ্ছেদ না হলেও স্বামীর থেকে আলাদাই থাকেন তিনি। এর পরই বিষয়টি নিয়ে তুলকালাম শুরু হয়। প্রতিযোগিতার আয়োজকদের তীব্র ভাষায় আক্রমণ করেন নেট-নাগরিকরা। অন্যান্য দেশেও বিষয়টি নিয়ে সমালোচনা শুরু হয়। নড়েচড়ে বসেন উদ্যোক্তারা। সেরার মুকুট তাঁরা ফেরত দেন পুষ্পিকাকে। বিবৃতি প্রকাশ করে জানানো হয়, পুষ্পিকার কাছে ক্ষমাও চাওয়া হয়েছে।


রজত জয়ন্তী বর্ষ উদযাপন

পূর্বোত্তর

১৯৯৬ সন থেকে প্রকাশিত

উত্তর-পূর্বের অগ্রণী বাংলা পাক্ষিক পত্রিকা

## ADVERTISEMENT TARIFF

With effect from 1st April 2021

☎: 0353-2431015, : 9593200246
e-mail : contact@purbottar.in, www.purbottar.in

Celebrating Glorious 25 years

PURBOTTAR

Since 1996

Bengali fortnightly from Cooch Behar

### MECHANICAL DATA:

| | |
|---|---|
| Print area | : 34 CM X 245 CM |
| Width of columns | : 4 CM |
| Length of the columns | : 34 CM |
| Columns per page | : 6 |
| Space between columns | : 0.2 CM |
| Printing process | : OFFSET |
| Number of pages | : 8 |

Advertisement materials are required in digital format & file in- .pdf/.tif format.

### ADVERTISEMENT RATE

| | |
|---|---|
| B/W Display/Tender | : 65.00 per sqcm. |
| Colour Display/Tender | : 85.00 per sqcm. |
| Classified Display | : 24.00 per sqcm. |
| Classified | : Rs. 5 per Words |
| Ear Panel in Colour | : 250.00 per insertions (4cm x 4cm) |
| Annual Advertisements | : B/W 25.00 & Colour 30.00 per sqcm. |
| Premium | : 50% Extra for Front Pages |

**Minimum Size of Advertisements:-**

| | |
|---|---|
| Front page Advertisements | : 80 sqcm. |
| Other pages | : 20 sqcm. |

### ABOUT US:

Purbottar is a popular Bengali Forthnightly published from Cooch Behar, Since 1996 with following details:

| | |
|---|---|
| Formate | : Tabloid |
| Registration Number | : 71057/96 |
| Language | : Bengali |
| Place of Publication | : Dawaguri, Kolerpar, Cooch Behar |
| Publishing Day | : Every Alternate Friday |
| Circulation | : 15239 copies per issue |
| Editor, Publisher & Printer | : Sandipan Pandit |
| Price of Regular Issue | : Rs. 3.00 |

### CONTACTS:

**BUSINESS OFFICE:**
16, Bidhan Road, 1st Floor, Opp. Gostho Paul Statue
Siliguri-734001, West Bengal, Tele-Fax: 0353-2431015

**Registered Office & Published From:**
P.O.+Vill: Dawaguri, Kolerpar, Cooch Behar-736156
West Bengal, Mobile: 9593200246


**Editorial Office:**
5, Tribitta Sarani, P.O.+Dist.: Cooch Behar
West Bengal-736156, Mobile: 9434803210



# ক্রিকেটারদের করোনা টিকা দেওয়ার ভাবনা বোর্ডের

নয়াদিল্লি: যেভাবে করোনা বাড়ছে তা নিয়ে চিন্তিত আইপিএল কর্তৃপক্ষ। মুম্বাইয়ে ওয়াংখেড়ের দশ জন কর্মী, আইপিএল সংগঠক দলের ছ'জন, সিএসকের কনটেন্ট টিমের একজন, দুই ক্রিকেটার সহ উনিশ জনের করোনায় আক্রান্ত হওয়ার খবর পাওয়া গেছে। এই পরিস্থিতিতে ক্রিকেটারদের নিয়ে ভারতীয় বোর্ডের নয়া ভাবনার কথা জানালেন খোদ বোর্ডের ভাইস প্রেসিডেন্ট। এই সব কারনের জোরে ক্রিকেটারদের করোনা টিকা দেওয়া সম্ভব হয় কিনা, সেই বিষয়ে স্বাস্থ্যমন্ত্রকের সঙ্গে কথা বলার ভাবনা রয়েছে বোর্ডের। এই অবস্থায় ওয়াংখেড়েতে ম্যাচ করা সম্ভব হবে কিনা তা নিয়ে সংশয় তৈরি হয়েছে বিসিসিআই তে। করোনা আক্রান্তের সংখ্যার নিরিখে বিচার করতে গেলে কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রকের দেওয়া তথ্য অনুযায়ী করোনায় দেশে সবথেকে খারাপ পরিস্থিতি মহারাষ্ট্রে। ওয়াংখেড়ে-এর পরিবর্ত কেন্দ্র হিসেবে হায়দরাবাদ আর ইন্দোরকে নিয়ে ভাবনা শুরু করছে আইপিএল কর্তৃপক্ষ। সরকারি নিয়মাবলি মেনে মুম্বই থেকে ম্যাচ সরিয়ে অন্য কোথাও ম্যাচ করানো অসম্ভব বলেই মনে করা হচ্ছে। এখন দেখার বিষয় কতটা সফল ভাবে বিসিসিআই আইপিএল ২০২১ পরিচালনা করে।

## দক্ষিণ এশিয়ার উশু ট্যুরে স্বর্ণ জিতল অ্যানিয়ান মিধুন



নিজস্ব প্রতিবেদন : দক্ষিণ এশিয়ান উশু চ্যাম্পিয়নশিপে স্বর্ণ জিতেছে কেরালার ত্রিসুর জেলার অ্যানিয়ান মিধুন। ৩১ শে মার্চ নেপালে চ্যাম্পিয়নশিপটি শেষ হয়। ২৮ বছর বয়সী এই যুবক চ্যাম্পিয়নশিপে ৭০ কেজি বিভাগে দেশের প্রতিনিধিত্ব করেছিলেন।

মিধুন কারাটেতে ব্ল্যাক বেল্ট এবং তিনি উশু'র পাশাপাশি কিকবক্সিংয়ে ভারতে ন্যাশনাল চ্যাম্পিয়ন। অ্যানিয়ান পঞ্চম শ্রেণি থেকে উশু খেলা শুরু করেন এবং তার পর থেকে সে আর ফিরে তাকায় নি। অ্যানিয়ান মিধুন বর্তমানে অর্জুন পুরষ্কার প্রাপ্ত ভারতীয় উশু'র প্রধান কোচ কুলদীপ

## করোনা থেকে মুক্তি, বাড়ি ফিরলেন সচিন



নিজস্ব প্রতিবেদন : বৃহস্পতিবার বিকেলে হাসপাতাল থেকে ছাড়া পাওয়ার খবর নিজেই টুইট করে জানান তিনি। আপাতত কিছুদিন নিভৃতবাসে থাকবেন তিনি। টুইটে এই কিংবদন্তি ব্যাটসম্যান লেখেন, "আমি হাসপাতাল থেকে বাড়ি ফিরলাম এবং আপাতত কিছুদিন নিভৃতবাসে থাকব। এখন কিছুদিন সম্পূর্ণ বিশ্রাম নেব ও একইসঙ্গে সুস্থ হওয়ার প্রক্রিয়া চলবে। আমার জন্য যারা শুভেচ্ছাবার্তা পাঠিয়েছেন ও প্রার্থনা করেছেন তাদের সকলকে অনেক ধন্যবাদ। যে চিকিৎসাকর্মীরা আমার পরিচর্যা করেছেন এবং এই কঠিন সময়ে অক্লান্তভাবে গত এক বছর ধরে কাজ করে যাচ্ছেন তাদের কাছে আমি কৃতজ্ঞ।"

## রাত পোহালেই আইপিএল, প্রথম ম্যাচে মুখোমুখি **Mumbai I Bengaluru**



নিজস্ব প্রতিবেদন - অপেক্ষা আর কিছুক্ষণের। শুক্রবার থেকে শুরু হচ্ছে আইপিএলের চতুর্দশ সংস্করণ। দেশে করোনা আবহের মধ্যেই ঢাকে কাঠি পড়তে চলেছে এই কোটিপতি লিগের। উদ্বোধনী ম্যাচে মুখোমুখি হচ্ছে রোহিত শর্মার মুম্বই ইন্ডিয়ান্স ও বিরাট কোহলির রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু।

ধারে-ভারে কিছুটা এগিয়ে থাকবেন রোহিতরাই, তবে এই বছর ট্রফি ভাগ্য ফেরাতে মরিয়া কোহলি ব্রিগেড। তাই প্রথম ম্যাচেই অঘটন ঘটলে অবাক হওয়ার কিছু থাকবে না। রোহিত শর্মা, কুইন্টন ডি কক, সূর্যকুমার যাদব, সৌরভ তিওয়ারি, যশপ্রীত বুমরাদের মুম্বই ফের একবার চ্যাম্পিয়ন হওয়ার লক্ষ্যেই মাঠে নামবে। অপরদিকে ফের একবার বিরাট কোহলি, এবি ডিভিলিয়ার্সের উপরই ভরসা করে থাকবে আরসিবি। গ্লেন ম্যাক্সওয়েলের ধারাবাহিকতা নিয়ে প্রশ্ন থেকেই যাচ্ছে।

শনিবার দিন নামছেন মহেন্দ্র সিং ধোনি। মুম্বইতে টুর্নামেন্টের দ্বিতীয় দিন ঋষভ পন্থের দিল্লীর মুখোমুখি হচ্ছে চেন্নাই সুপার কিংস। রবিবার সন্ধ্যায় সানরাইজার্স হায়দরাবাদের বিরুদ্ধে যাত্রা শুরু করবে কলকাতা নাইট রাইডার্স। মর্গ্যানের নেতৃত্বে ২০১৪ এর পরে ট্রফি খরা কাটাতে মরিয়া কেকেআর। দলে এসেছেন শাকিব আল হাসান, হরভজন সিংয়ের মত তারকারা। এছাড়া রাসেল, প্যাট কামিন্স, নারাইন, বেন কাটিং, গিল, কার্তিকদের উপর আলাদা দায়িত্ব থাকবে। বোলিংয়ে সদ্য জাতীয় দলে সুযোগ পাওয়া প্রসিদ্ধ কৃষ্ণের উপর থাকবে বিশেষ নজর।

তবে করোনা আবহে হতে চলা এই লিগ নিয়ে দুশ্চিন্তা থেকেই যাচ্ছে। দিল্লীর অক্ষর পটেল, কেকেআরের নীতিশ রাণা, বেঙ্গালুরুর দেবদত্ত পাড়িক্কলের পর এবার করোনা আক্রান্ত হলেন বেঙ্গালুরুর ডানিয়েল স্যামস। বায়ো বাবলে ঢোকার পরে তিনি আক্রান্ত হয়েছেন। এছাড়াও মুম্বই দলের সঙ্গে যুক্ত কিরণ মোরেও আক্রান্ত করোনায়। দেশে প্রায় প্রত্যেকদিনই বাড়ছে করোনা আক্রান্তের সংখ্যাও। নিশ্চিতভাবেই বিসিসিআইকে বাড়াতে হবে আরও বেশী সতর্কতা।

## vivo -র ব্র্যান্ড অ্যাম্বাসডর হলেন ভারত অধিনায়ক বিরাট কোহলি



নিজস্ব প্রতিবেদন: চিনা স্মার্টফোন প্রস্তুতকারক সংস্থা ভিভো (ঠেরাড়) তাদের ব্র্যান্ড অ্যাম্বাসডর হিসাবে বেছে নিল বিরাট কোহলিকে। ভারত অধিনায়ক এখন ভিভোর প্রচারের নতুন মুখ। মিলেনিয়ালস ও টেকনোলজিতে আগ্রহী গ্রাহকদের ধরার পাশাপাশি ৩৬০ ডিগ্রি মার্কেটিং দৃষ্টিভঙ্গির জন্যই ভিভোর পছন্দ কোহলি। এমনটাই এক বিবৃতিতে জানিয়েছে ভিভো। আমির খান ও সারা আলি খান আগেই ভিভোর সঙ্গে জুড়েছিলেন। এবার সেই টিমে এলেন কোহলি।

ভিভো বলছে, "আমরা বিরাট কোহলিকে আমাদের সঙ্গে পেয়ে রোমাঞ্চিত। গ্রাহকদের চাহিদা ও পছন্দের দিকেই আমাদের ফোকাস থাকে। গ্রাহকদের জীবনে আনন্দ দেওয়ার জন্য প্রতিজ্ঞাবদ্ধ। বিরাটের মতো উজ্জ্বল একজনকে পেয়ে আমরা তরুণ গ্রাহকদের সঙ্গে আরও অনেক বেশি জুড়ে থাকতে পারব।" কোহলি ভিভোর ব্র্যান্ড অ্যাম্বাসডর হয়ে বলছেন, "একজন স্পোর্টসপার্সন হিসাবে আমি খেলার প্রতি ধারাবাহিকতা ও দায়বদ্ধতার গুরুত্ব খুব ভালই বুঝি। একটা ব্র্যান্ড হিসাবে ভিভো নিজেদের প্রথমসারির হিসাবেই প্রতিষ্ঠিত করতে পেরেছে। ভারতীয় স্মার্টফোন মার্কেটে ভিভো অভিনব টেকনোলজির আমদানি করছে ধারাবাহিক ভাবে।" ভারতের বাজারে ওপো, স্যামসাং, শায়োমির মতো মোবাইল প্রস্তুতকারক সংস্থার সঙ্গেই লড়ছে ভিভো।